124

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUL. 1 3 1989

পৃষ্ঠা ৩ কলাম ?

# ইডেন কলেজ ছাত্রীর আত্মহত্যা চেষ্টার কারণ জানা যায়নি

স্টাফ রিপোর্টার ॥ ইডেন বিশ্ববিদ্যালয় কলেজের এক ছাত্রী গত ১০ জুলাই কলেজের তিন তলা ভবন থেকে লাফিয়ে পড়ে আত্মহত্যার চেষ্টা করেছে। তাহেরা আক্তার মনিরা (২২) নামের এই ছাত্রীকে গুরুতর আহত অবস্থায় ভর্তি করা হয়েছে ঢাকা মেডিক্যালে। চিকিৎসকরা বলছেন, তাঁর অবস্থা সঙ্কটাপন্ন। কি কারণে তিনি আত্মহত্যার চেষ্টা করেছেন কেউ তা বলতে পারেনি।

ইডেন বিশ্ববিদ্যালয় কলেজের মনোবিজ্ঞান বিভাগের মাস্টার্স শেষ বর্ষের ছাত্রী মনিরা। শনিবার সকালে অন্যান্য দিনের মতো যথারীতি কলেজে আসেন। মনিরা ইডেনের অনাবাসিক ছাত্রী। সকালে কলেজে তেমন ক্লাসও ছিল না। বান্ধবীদের সাথে স্বাভাবিক কথাবার্তাও বলেন। বেলা সোয়া দু'টার দিকে মনোবিজ্ঞান ভবন থেকে একা একা চলে যান কমার্স বিভাগের দিকে। কমার্স বিভাগের তিন তলা থেকে তিনি নিচে লাফিয়ে পড়েন।